# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ شين (শীন) [৬২]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

شين (শীন) - ২

شطن> شَيْطَانٌ ج شَيَاطِينُ শয়তান, অবাধ্য, দুষ্ট, অহাঙ্কারী, পিশাচ, ইবলিস, জিন ২:৩৬

شعب> شَعْبٌ و شُعُوبٌ সম্প্রদায়, গোত্র, উম্মত, জাতি, গোষ্ঠী, বংশ৪৯:১৩

شُعْبَةٌ و شُعَبٌ শাখা, প্রশাখা, অংশ, বিভাগ ৭৭:৩০

شُعَيْبٌ শুয়াইব আলাইহিস সালাম ৭:৮৮

شعر> [ن] شَعَرَ বুঝা, অনুভব করা, জানা, বুঝতে পারা, টের পাওয়া ২:৯

أَشْعَرَ বুঝিয়ে দেওয়া, অবহিত করা, জানানো ৬:১০৯

شَعْرٌ و أَشْعَارٌ পশম, লোম, রোম ১৬:৮০

شِعْرٌ جل أَشْعَارٌ কবিতা, কাব্য, শে‘র ৩৬:৬৯

شَاعِرٌ ج الشُّعَرَاءُ কবি, কাব্যিক ২১:৫

الشِّعْرَى নক্ষত্র, লুব্ধক তারা, শি‘রা নক্ষত্র ৫৩:৪৯

مَشْعَرٌ، شَعَائِرُ و شَعِيْرَةٌ নিদর্শন, আলামত, চিহ্ন, প্রতীক ৫:২

الْمَشْعَر الحرام মাশ‘আরুল হারাম: মুযদালিফা ময়দান বা তার কিছু চিহ্নিত স্থান ২:১৯৮

شعل> اشْتَعَلَ শুভ্রোজ্জ্বল হওয়া, চুল পাকা, শুভ্র হওয়া, শুভ্রতা ধারণ করা ১৯:৪

شغف> [ف] شَغَفَ মাতানো, প্রেমে মজা, ভালোবাসা, মাতোয়ারা বানানো, মাতিয়ে তোলা, আসক্ত করা ১২:৩০

شغل> [ف] شَغَلَ কর্মব্যস্ত করা, কর্মরত রাখা ৪৮:১১

شُغُلٌ جل أَشْغَالٌ কাজ, পেশা, কর্ম ৩৬:৫৫

شفع> [ف] شَفَعَ، شَفَاعَةً সুপারিশ করা, শাফায়াত করা, তদবির করা, উমেদারি করা, মিলন ঘটানো ৪:৮৫

شَافِعٌ، شَفِيعٌ ج شُفَعَاءُ সুপারিশকারী, শিলনকারী, সুপারিশ কবুলকারী ৬:৭০

شَفْعٌ جل أَشْفَاعٌ জোড়, জোড়া, যুগল ৮৯:৩

شفق> أَشْفَقَ ভীত হওয়া, শঙ্কিত হওয়া, আতঙ্কিত হওয়া, উদ্বিগ্ন হওয়া ৫৮:১৩

مُشْفِقٌ ভীত, সন্ত্রস্ত, ভীরু, শঙ্কিত, উদ্বিগ্ন, আতঙ্কিত, কাপুরুষ ২১:২৮

شَفَقٌ جل أَشْفَاقٌ অস্তাচলের লাল ও সাদা আভা, সান্ধ্য আভা ৮৪:১৬

شَفَتَيْنِ <شفه ওষ্ঠধর, দুই ঠোঁট, ওষ্ঠদ্বয় ৯০:৯

شَفَى [ض]، شِفَاءٌ <شفي সুস্থ করা, নিরাময় করা, আরোগ্য করা, চিকিৎসা করা, রোগমুক্ত করা ২৬:৮০

شِفَاءٌ جل أَشْفِيَاءُ আরোগ্য, রোগমুক্তি, শেফা, নিরাময়, সুস্থতা ১০:৫৭

شَفَا جل أَشْفَاءُ কিনারা, কূল, ধার, প্রান্ত, পাড় ৩:১০৩

شَقَّ [ن]، شَقًّا <شقق চিরে ফেলা, বিদীর্ণ করা, ফাটানো, ভেঙে ফেলা, বিধ্বস্ত করা, কঠোরতা করা, চাপ প্রয়োগ করা, চাপ সৃষ্টি করা, কষ্ট দেওয়া, কষ্টসাধ্য করা ২৮:২৭

شَاقَّ، شِقَاقٌ বিরোধিতা করা, শত্রুতা করা, বিরুদ্ধাচরণ করা, বাকবিতণ্ডা করা, ঝগড়া করা, তর্কাতর্কি করা, মনে দাগ কাটা, হৃদয় চৌচির করে দেওয়া, গালমন্দ করা, কটুক্তি করা, কষ্টে ফেলা ৪:৩৫

تَشَقَّقَ، اشَّقَّقَ، انشَقَّ বিদীর্ণ হওয়া, ফেটে যাওয়া, ভেঙে পড়া, ভূমিস্মাৎ হওয়া, ধূলিস্মাৎ হওয়া, বিধ্বস্ত হওয়া, খানখান হওয়া, টুকরা টুকরা হওয়া, চূর্ণবিচূর্ণ হওয়া ২:৭৪

شِقٌّ مص কষ্ট, পরিশ্রম, ভাঙন, ফাটল, বিদীর্ণতা ১৬:৭

شُقَّةٌ جل شُقَقٌ পথের ক্লান্তি, সফরের গ্লানি, দীর্ঘভ্রমণ ৯:৪২

أَشَقُّ অধিক ক্লান্তিকর, শ্রান্তিকর, বিদীর্ণকারী, বিদারী, বিদারক, যন্ত্রণাকর, যন্ত্রণাদায়ক ১৩:৩৪

شَقَى [ن] <شقو، شَقِيَ [س] <شقي হতভাগা হওয়া, দুর্ভাগা হওয়া, হতভাগ্য হওয়া, বদনসীব হওয়া, দুর্ভোগ পোহানো, কষ্ট করা, বিপদে পড়া, অসুখী হওয়া ২০:১২৩

شَقِيٌّ جل أَشْقِيَاءُ হতভাগা, অভাগা, হতভাগ্য, দুর্ভাগা, বদনসীব, বিপদগ্রস্ত, অসুখী ১৯:৪

الأَشْقَى বেশি হতভাগা, দুর্ভাগ্যতম, হতচ্ছাড়া, কপালপোড়া, পোড়াকপালে, কমবখত, বদবখত, চিরদুখী ৮৭:১১

شِقْوَةٌ দুর্ভাগ্য, ভাগ্যদোষ, পোড়াকপাল, ভাগ্যবিড়ম্বনা, দুরদৃষ্ট, কপালের ফের ২৩:১০৬

شَكَرَ [ن]، شُكُورًا، شُكْرًا <شكر কৃতজ্ঞতা করা, শুকরিয়া আদায় করা, উপকার স্বীকার করা, ধন্যবাদ জ্ঞাপন করা, ধন্য হওয়া, বাধিত হওয়া ২৫:৬২

شَاكِرٌ কৃতজ্ঞ, শুকরগুজার, ধন্যবাদদাতা, কৃতজ্ঞতার পুরস্কারদাতা ২:১৫৮

شَكُورٌ ام শাকুর: আল্লাহর নাম, অতিশয় কৃতজ্ঞ, কৃতজ্ঞতার পুরস্কারদাতা, গুণগ্রাহী ৩৪:১৩

مَشْكُورًا কৃতজ্ঞতাপূর্ণ, কৃতজ্ঞধন্য, বাধিত, কৃতজ্ঞতার সঙ্গে গৃহীত ১৭:১৯

مُتَشَاكِسٌ <شكس পরস্পর বিরোধী, স্বার্থপর, হিংসুটে, হিংসুক ৩৯:২৯

شَكٌّ جل شُكُوْكٌ <شكك সন্দেহ, সংশয়, দ্বিধা, সংকোচ, দোদুল্যমানতা ৪:১৫৭

شَكْلٌ جل أَشْكَالٌ <شكل অনুরূপ, সমরূপ, একই প্রকার, এক ধরণের, আকৃতি, সুরত ৩৮:৫৮

شَاكِلَةٌ جل شَوَاكِلُ অনুরূপ, সমরূপ, পদ্ধতি, তরিকা, রীতিনীতি, প্রথা ১৭:৮৪

اشْتَكَي، شَكَا [ن] <شكو অনুযোগ করা, অভিযোগ করা, নিবেদন করা, কষ্ট ব্যক্ত করা ১২:৮৬

مِشْكَاةٌ দীপাধার, চেরাগদান, শামাদান, দীপগাছা, গাছা, দীপপাত্র, বাতিঘর ২৪:৩৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=10235

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন